

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৬৮
শান্তিরবাজার, ২৮ ডিসেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০
কাঁঠালিয়া ভিলেজে সুশাসন শিবির

প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে গতকাল বকাফা ব্লকের কাঁঠালিয়া এডিসি ভিলেজ প্রাঙ্গনে সুশাসন শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে বকাফা ব্লকের বিডিও অমৃতা মজুমদার সহ বিভিন্ন দপ্তরের সরকারি আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সুশাসন শিবির উপলক্ষে বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টল খোলা হয়। এসব স্টল থেকে ভিলেজবাসীদের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুবিধা প্রদান করা হয়। তার মধ্যে ৭৭টি পিআরটিসি, ৫০টি এসটি, ৫টি ইনকাম, ৩৯টি ম্যারেজ সার্টিফিকেট পাওয়ার আবেদনপত্র জমা নেওয়া হয়। স্বাস্থ্য দপ্তর থেকে ৫৬ জন মানুষের চিকিৎসার ব্যবস্থা করা হয়। বন দপ্তর থেকে ১২ জনকে গাছের চারা দেওয়া হয়। মৎস্য দপ্তর থেকে ৩ জনকে মাছের রোগের ঔষধ দেওয়া হয়।
